

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 29-01-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে ১৫ দিনব্যাপী ৩৫তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলার উদ্বোধন করেন।
- (২) চেয়ারম্যান অরবিন্দ পানাগাড়িয়ার নেতৃত্বে ষোড়শ অর্থ কমিশনের প্রতিনিধিদল আজ আগরতলায় এসে পৌঁছেছে।
- (৩) এবছর ২৬শে জানুয়ারির কর্তব্য পথে প্যারেডে ত্রিপুরার ট্যাবলো দ্বিতীয় স্থান লাভ করেছে।
- (৪) বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন আজ বিকালে উনকোটি জেলার ফটিকরায় কুল মাঠে চারদিনব্যাপী পঞ্চম মিলন মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

\*\*\*\*\*

**Industries & Commerce Fair :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে ১৫ দিনব্যাপী ৩৫তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলা উদ্বোধন করেন। এ বছরের মেলার ভাবনা “Destination Tripura : Land of opportunities” বা ত্রিপুরা : সুযোগের ক্ষেত্র। এই মেলা চলবে আগামী ১২ই ফেব্রুয়ারি পর্যন্ত। উদ্বোধনী ভাষণে মুখ্যমন্ত্রী বলেন, সময়ের তাগিদে মানুষের চাহিদা অনুযায়ী রাজ্যের শিল্প সম্ভাবনাকে এগিয়ে নিয়ে যাবার অন্যতম লক্ষ্য নিয়েই শিল্প ও বাণিজ্য মেলার আয়োজন।

রাজ্যের এবং রাজ্যের বাইরে শিল্পোদ্যোগীরা এই শিল্প ও বাণিজ্য মেলায় তাদের উৎপাদিত শিল্প সামগ্রী বাজারজাত করতে পারবেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের ছেলেমেয়েদের প্রতিভার অভাব নেই। সেই প্রতিভাকে কাজে লাগিয়ে শিল্প সম্ভাবনাকে জাগিয়ে তোলার জন্য বর্তমান সরকার বিভিন্ন প্রকল্প হাতে নিয়ে তাদেরকে আর্থিকভাবে সাহায্য করার চেষ্টা হচ্ছে। এই ধরনের সুযোগ আসার ফলে যুব সম্প্রদায় বর্তমানে শিল্প-কর্মের দিকে অনেক বেশি ঝুঁকছে। তাতে তারা যেমন আর্থিকভাবে লাভবান হচ্ছে তেমনি কর্মসংস্থানের সুযোগ তৈরী হচ্ছে। রাজ্যের উৎপাদিত কৃষি সামগ্রীর পাশাপাশি রাবার এবং আগর শিল্পকেও কিভাবে সামনের দিকে এগিয়ে যেতে পারে সেই লক্ষ্যে কাজ করে চলেছে সরকার।

#####Byte-CM#####

মেলার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী সান্ত্বনা চাকমা, শিল্প ও বাণিজ্য দপ্তরের প্রতিমন্ত্রী বৃষকেতু দেববর্মা, বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার প্রমুখ। এবারের মেলায় রাজ্য এবং বহি:রাজ্যের মোট ৫৭৬টি স্টল রয়েছে। বহি:রাজ্যের ১৫০ জনেরও বেশি বিনিয়োগকারী এই মেলায় অংশ নিয়েছেন।

\*\*\*\*\*

#### **Finance Commission :**

চেয়ারম্যান অরবিন্দ পানাগাড়িয়ার নেতৃত্বে ষোড়শ অর্থ কমিশনের প্রতিনিধিদল আজ আগরতলায় এসে পৌঁছেছেন। রাজ্য সরকারের এক আধিকারিক জানান, ষোড়শ অর্থ কমিশনের প্রতিনিধিদল আগামীকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ও তাঁর মন্ত্রিসভার সদস্য, মুখ্যসচিব ও অন্যান্য সচিবদের সঙ্গে বৈঠকে মিলিত হবে। তাছাড়া বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি,

স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান, এডিসি, ত্রিপুরা চেষ্টার অব কর্মসূর্য প্রতিনিধিদের সঙ্গেও অর্থ কমিশনের চেয়ারম্যান পৃথকভাবে বৈঠকে বসবেন।

\*\*\*\*\*

#### **Republic day Prize :**

"মহাকুণ্ড ২০২৫- স্বর্গিম ভারত: বিরাসত ও বিকাশ' , বিষয়ক উত্তরপ্রদেশের মূকনাট্য, এবছর ২৬শে জানুয়ারি নতুনদিল্লির কর্তব্য পথে অনুষ্ঠিত প্রজাতন্ত্র দিবসের প্যারেডে সেরা ট্যাবলোর পুরস্কার জিতেছে এদিকে, ত্রিপুরার 'ইটারনাল রেভারেন্স: দ্য ওয়ারশিপ অফ ফোরটিন ডেইটিস ইন ত্রিপুরা - খার্ট পূজা' বিষয়ক মূকনাট্যটি ২য় স্থান পেয়েছে এবং অন্তর্বর্তী প্রদেশের ট্যাবলো 'এটিকোন্সাকা বোম্বালু - পরিবেশ বান্ধব কাঠের খেলনা' তৃতীয় পুরস্কার জিতেছে। কেন্দ্রীয় মন্ত্রক এবং বিভাগগুলির মধ্যে, আদিবাসী বিষয়ক মন্ত্রকের 'জনজাতি গৌরব বর্ষ' সেরা ট্যাবলোর পুরস্কার জিতেছে। ইতিমধ্যে, সেরা মার্টিং কন্টিনজেন্ট পুরস্কার জিতেছে জম্মু ও কাশ্মীর রাইফেলস কন্টিনজেন্ট ইন সার্ভিসেস, দিল্লি পুলিশ মার্টিং কন্টিনজেন্ট সিএপিএফ এবং অন্যান্য সহায়ক বাহিনীর মধ্যে পুরস্কার জিতেছে। কেন্দ্রীয় পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট এবং 'জয়তি জয় মম ভারতম' নৃত্য গোষ্ঠী বিশেষ পুরস্কার পেয়েছে।

এছাড়াও, গুজরাট তার 'স্বর্গিম ভারত: বিরাসত অর বিকাশ' মূকনাট্যের জন্য জনপ্রিয় পছন্দের বিভাগে সেরা ট্যাবলোর পুরস্কার জিতেছে।

\*\*\*\*\*

#### **Tableau-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যের ট্যাবলু প্রদর্শনীর সাথে যুক্ত সবাইকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। তিনি

বলেন, এই পুরস্কার এক অসামান্য প্রাপ্তি। মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রতিও আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*

### CPIM Sanmelan :

সিপিআইএমের ২৪তম রাজ্য সম্মেলন আজ থেকে আগরতলার টাউন হলে শুরু হয়েছে। এ উপলক্ষ্যে আজ আগরতলা শহরে প্রকাশ্য সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে সিপিআইএম রাষ্ট্রীয় সমন্বয়ক প্রকাশ কারাত অভিযোগ করেন বর্তমান কেন্দ্রীয় সরকার সংবিধানকে নিজের সুবিধা অনুযায়ী সংশোধন করার চেষ্টা করছে। তা সম্পূর্ণ জনবিরোধী প্রয়াস। দেশের সংসদীয় কাঠামোকে বিনষ্ট করার চেষ্টা চলছে। বর্তমান কেন্দ্রীয় সরকার মুষ্টিমেয় পুঁজিপতিদের স্বার্থ রক্ষায় কাজ করছে। এরফলে গত ১১ বছরে দেশে ধনী ও গরিবের মধ্যে অসামঞ্জস্য আরো অনেক বেশি বেড়েছে। সিপিআইএম পলিটব্যুরো সদস্য, প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার অভিযোগ করেন, সাম্প্রতিক ভয়াবহ বন্যায় কৃষকরা ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হলেও রাজ্য সরকারের পক্ষ থেকে তাদের উপযুক্ত আর্থিক সহায়তা দেওয়া হচ্ছে না। তিনি আরো অভিযোগ করেন কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের জনবিরোধী নীতির ফলে বর্তমানে ছাত্র, যুব, কৃষক, শিক্ষক কর্মচারী সহ সমাজের সর্বস্তরের মানুষ বিপন্ন। রাজ্য সরকারী দপ্তরে বহু শূন্য পদ থাকা সত্ত্বেও তা পূরণের উদ্যোগ নেই রাজ্য সরকারে। এরফলে দ্রুত বেকার সমস্যা বাঢ়ে।

সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী বলেন ত্রিপুরায় সিপিআইএমকে রুখতে নিরলসভাবে চেষ্টা করছে বিজেপি। প্রকাশ্য সমাবেশ করতে জায়গার অনুমতি প্রদানে বাধা দিয়েছে রাজ্য সরকার। তিনিও দেশ ও রাজ্যের বর্তমান পরিস্থিতি উল্লেখ করে রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের সমালোচনা করে বক্তব্য রাখেন। সমাবেশে উপস্থিত ছিলেন প্রবীণ সিপিআইএম নেতা

অঘোর দেববর্মা, কেন্দ্রীয় কমিটির দুই সদস্য রবীন দেব ও অরুণ কুমার।

\*\*\*\*\*

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

**Mahakumbh :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে প্রয়াগরাজ মহা কুণ্ডে পদদলিত হওয়ার ঘটনা অত্যন্ত দুঃখজনক। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি মৃত ব্যক্তিদের পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করেছেন। তিনি আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রয়াগরাজ মহাকুণ্ডের দুর্ঘটনায় গভীর সমবেদনা প্রকাশ করেছেন। তিনি আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন। তিনি বলেন, স্থানীয় প্রশাসন ক্ষতিগ্রস্তদের সম্ভাব্য সব উপায়ে সাহায্য করতে নিয়োজিত রয়েছে। প্রধানমন্ত্রী এবিষয়ে মুখ্যমন্ত্রী ঘোষী আদিত্যনাথের সঙ্গে কথা বলেছেন এবং তিনি প্রতিনিয়ত রাজ্য সরকারের সঙ্গে যোগাযোগ করছেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও এই দুর্ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন।

উল্লেখ্য, গতকাল মৌনী অমাবস্যায় গভীর রাতে মহাকুণ্ডে পদপিষ্ট হয়ে ৩০ জনের মৃত্যু হয়েছে এবং ৯০ জন আহত হয়েছেন।

উত্তরপ্রদেশ সরকার জানিয়েছে, বর্তমানে মহাকুণ্ডের পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। তবে ভিড়ের চাপ অব্যাহত রয়েছে।

\*\*\*\*\*

#### **Milan Mela-Fatikroy :**

বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন আজ বিকালে উনকোটি জেলার ফটিকরায় স্কুল মাঠে চারদিনব্যাপী পঞ্চম মিলন মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, এই মেলা প্রাগের মেলা। গ্রামীণ এই মেলা আন্তরিকতায় ভরপুর। উপস্থিত ছিলেন, তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস, সাংসদ রাজীব ভট্টাচার্য, কৈলাশহর রামকৃষ্ণ মিশন আশ্রমের সম্পাদক স্বামী গিরিজানন্দজী মহারাজ প্রমুখ। সভাপতিত্ব করেন, উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। চারদিনের মিলন মেলায় রয়েছে রাজ্য ও বর্হিরাজ্য শিল্পীদের সাংস্কৃতিক অনুষ্ঠান। মেলা চলবে আগামী পঞ্চাশ ফেব্রুয়ারি পর্যন্ত।

\*\*\*\*\*

#### **Awareness Programme-Bishramganj :**

বিশ্রামগঞ্জ দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে শিক্ষার অধিকার আইন, বাল্যবিবাহ নিষেধাজ্ঞা আইন এবং পকসো আইনের অধীনে অভিযোগ নিষ্পত্তি ও শিশুর অধিকার রক্ষা বিষয়ে আজ সিপাহীজলা জেলাভিত্তিক এক সচেতনতামূলক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। অংশ গ্রহণ করেন ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা, SCERT-র OSD মনিদীপা গন চৌধুরী, সিপাহীজলা জেলার CWC সুমিতা রায়, জেলা শিক্ষা

আধিকারিক মলয় ভৌমিক প্রমুখ। শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন বলেন বাল্য বিবাহ রোধে কমিশন সারা রাজ্য বিভিন্ন ধরনের কর্মসূচি গ্রহণ করেছে। এই কর্মসূচি সফল করার জন্য বিভিন্ন স্কুলে গড়ে উঠা বালিকা মঞ্চ সহ শিক্ষক শিক্ষিকা ও অভিভাবকগণ সক্রিয়ভাবে সহযোগিতা করছে।

\*\*\*\*\*

#### **Health Camp-South :**

বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজের জাতীয় সেবা প্রকল্পের উদ্যোগে ঋষমুখ আরডি. ব্লকের সাড়াসীমা পঞ্চায়েতের বিবেকানন্দ কলোনীতে আজ এক স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। স্বাস্থ্য শিবিরে বিলোনিয়া মহকুমা হাসপাতালের চিকিৎসক তপন মজুমদার সহ অন্যান্য স্বাস্থ্য কর্মীরা রোগীদের স্বাস্থ্য পরীক্ষা করেন।

\*\*\*\*\*

#### **Ayushman Vaya Vandana :**

এইডস কন্ট্রোল সোসাইটির উদ্যোগে আজ মোহনপুর বাজারের নাটমন্ডিরে পশ্চিম জেলা ভিত্তিক সুসংহত চিকিৎসা শিবিরের আয়োজন করা হয়। উদ্বোধন করেন কৃষ্ণমন্ত্রী রতন লাল নাথ। তিনি যুবকদের মধ্যে নেশা বিরোধী মনোভাব গড়ে তুলতে আহবান জানিয়ে বলেন, রাজ্য সরকার নেশামুক্ত ত্রিপুরা গঠনের লক্ষ্যে কাজ করছে। নেশা কারবারিদের বিরুদ্ধে পুলিশ আইনি ব্যবস্থা নিচ্ছে। এই শিবিরে সত্ত্বরোধ প্রবীন নাগরিকেরা আয়ুষ্মান বয়-বন্ধনা প্রকল্পের সুযোগ গ্রহণ করেন।

\*\*\*\*\*

#### **National Games :**

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের দ্বিতীয় দিনে শেষ খবর পর্যন্ত কর্ণাটক ৫টি স্বর্ণ পদক নিয়ে পদক তালিকার শীর্ষে

রয়েছে। ৪টি স্বর্ণ নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছে মণিপুর। আসরে দলগত বিভিন্ন ইভেন্টের প্রাথমিক পর্বের লড়াই চলছে।

\*\*\*\*\*

#### **Under 15 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতায় আজ তিনটি খেলা হয়। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে এন এস আর সি সি ১৩২ রানে শতদল সংঘ কোচিং সেন্টারকে, নেপকো মাঠে মৌচাক কোচিং সেন্টার ৩৬ রানে ক্রিকেট অনুরাগী কোচিং সেন্টারকে এবং তালতলা মাঠ চাম্পামুড়া কোচিং সেন্টার ৮ উইকেটে জিবি কোচিং সেন্টারকে পরাজিত করে।

\*\*\*\*\*

#### **Kajal Smriti Football :**

কাজল শৃতি ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় ডনবক্সে স্কুল জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় ডনবক্সে স্কুল ৫-০ গোলে এম কে প্লে সেন্টারকে পরাজিত করে। এছাড়া পল্লী মঙ্গল স্কুল ও টাকারজলা স্কুলের মধ্যে দিনের অপর খেলাটি গোলশূন্য ড্র হয়।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*